

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
সমন্বয় শাখা-২

পরিপত্র

নং ২০.৮০৪.০১৪.০০.০০.০০৮.২০১৪-২২

১২ বৈশাখ, ১৪২৩

তারিখঃ -----


২৫ এপ্রিল, ২০১৬

বিষয়ঃ Project Planning System (PPS) সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে DPP/TPP প্রক্রিয়াকরণ।

সরকারের 'ডিজিটাল বাংলাদেশ' স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে অনলাইনে প্রকল্প প্রণয়ন, অনুমোদন ও সংশোধন এবং পুনর্গঠনের জন্য Project Planning System (PPS) নামে একটি সফটওয়্যার তৈরী করা হয়েছে। যা উন্নয়ন প্রকল্প প্রণয়ন সংক্রান্ত বিদ্যমান গাইড লাইনের সাথে সামঞ্জস্যপূর্ণ। ইতোমধ্যে এ সফটওয়্যারটির উপর উন্নয়ন পরিকল্পনার সাথে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ-এর কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০২। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ সংস্থা Project Planning System (PPS) সফটওয়্যার ব্যবহার করে অনলাইনে উন্নয়ন প্রকল্প প্রণয়নসহ পরিকল্পনা কমিশনে প্রেরণ এবং একনেক সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। আপাততঃ সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে অনলাইনের পাশাপাশি পূর্বতন **Manual** পদ্ধতিতেও প্রকল্প প্রক্রিয়াকরণ যুগপৎভাবে চলতে থাকবে।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হল এবং যা অবিলম্বে কার্যকর হবে।


(মো: হেলাল উদ্দিন)
যুগ্ম-প্রধান
ফোনঃ ৯১৮০৭৪৬

বিতরণঃ

১।	সচিব (সকল).....	মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২।	সদস্য (সকল).....	পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩।	বিভাগ প্রধান সকল	পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪।	যুগ্ম-প্রধান	পরিকল্পনা কমিশন/বিভাগ, ঢাকা।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৫। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ।
- ৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।